**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, বৃহস্পতিবার ১৮ ফেব্রুয়ারি ২০১৬, ৬ ফাল্গুন ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বিপিসির দেনা পরিশোধ হলে তেলের দাম কমানো হবে : প্রধানমন্ত্রী

দেশে আইএসের অস্তিত্ব নেই : প্রধানমন্ত্রী

২। আরও জনশক্তি নিতে কাতারের প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান

৩। হবিগঞ্জের বাহুবলের বালুর নিচে মিলল ৪ শিশুর লাশ

৪। ভিডিওতে তদারকি হবে ডাক্তারদের কর্মস্থলে থাকা : স্বাস্থ্যমন্ত্রী

৫। রাজশাহী ও চট্টগ্রামে মেডিকেল বিশ্ববিদ্যালয় হচ্ছে

৬। সিম রি-রেজিস্ট্রেশনে ট্যাক্স দিতে হবে না

৭। অপরাধী যে দলেরই হোক তাকে আমরা ছাড় দিচ্ছি না : স্বরাষ্ট্রমন্ত্রী

৮। বিচার বিভাগ নিয়ে কটাক্ষ করবেন না : প্রধান বিচারপতি

৯। এটিএম কার্ড জালিয়াতির ঘটনায় বিদেশি নাগরিক চিহ্নিত

১০। বাংলাবান্ধা স্থলবন্দর দিয়ে ইমিগ্রেশন চালু হচ্ছে আজ

১১। আসন্ন ইউপি নির্বাচনে বিজিবি মোতায়েনের সিদ্ধান্ত

১২। নোংরা পরিবেশে শিশু খর্বাকৃতির হয় : বাংলাদেশি শিশুদের নিয়ে গবেষণা

চলমান পাতা-২

১। **বিপিসির দেনা পরিশোধ হলে তেলের দাম কমানো হবে : প্রধানমন্ত্রী**

**দেশে আইএসের অস্তিত্ব নেই : প্রধানমন্ত্রী**

বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের (বিপিসি) ধারদেনা পরিশোধ হলে প্রয়োজনে জ্বালানি তেলের দাম কমানো হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল ১৭ ফেব্রুয়ারি বুধবার জাতীয় সংসদে নির্ধারিত প্রশ্নোত্তরপর্বে এ কথা বলেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৮) **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় সংসদকে জানিয়েছেন, বাংলাদেশে 'আইএস'-এর কোনো অস্তিত্ব নেই। স্থানীয়ভাবে উদ্ভূত কতিপয় সংগঠন ইসলামের নামে সন্ত্রাসী কার্যক্রম পরিচালনা করে থাকলেও এদেশে 'আইএস'-এর অস্তিত্ব নেই। আওয়ামী লীগ সরকার যে কোনো ধরনের জঙ্গিবাদ দৃঢ়তার সঙ্গে মোকাবিলায় বদ্ধপরিকর। গতকাল ১৭ ফেব্রুয়ারি বুধবার সংসদে প্রধানমন্ত্রী একথা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭)।

২। **আরও জনশক্তি নিতে কাতারের প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী বিশ্বকাপ ফুটবল আয়োজন উপলক্ষে ক্রমবর্ধমান শ্রমিক চাহিদার প্রেক্ষিতে কাতারে আরও বাংলাদেশি শ্রমিক নেওয়ার আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, কাতারে ২০২২ সালে অনুষ্ঠিতব্য ফিফা বিশ্বকাপ ফুটবল উপলক্ষে ব্যাপক উন্নয়ন কর্মকাণ্ড পরিচালিত হচ্ছে। এ কারণে আমরা তাদের শ্রমশক্তির চাহিদা পূরণে সেখানে আরও জনশক্তি রপ্তানি করতে চাই। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গতকাল ১৭ ফেব্রুয়ারি বুধবার তার কার্যালয়ে কাতারের নবনিযুক্ত রাষ্ট্রদূত আহমেদ বিন মোহাম্মদ আল দেহাইমি-এর সাক্ষাৎকালে তিনি এ আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **প্রথম আলো** (পৃ.২,ক.৭), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২), **নিউ নেশন** ( শেষ পৃ,ক.৬)।

৩। **হবিগঞ্জের বাহুবলের বালুর নিচে মিলল ৪ শিশুর লাশ**

সিলেটের রাজন, খুলনার রাকিব, কেরানীগঞ্জের আবদুল্লাহর পর দুর্বৃত্তদের নৃশংসতার শিকার হলো আরও চার শিশু। এবারের ঘটনাস্থল হবিগঞ্জের বাহুবল। এখানেও চার শিশুকে হত্যার পর বালুর নিচে চাপা দিয়ে রাখা হয়। গতকাল ১৭ ফেব্রুয়ারি বুধবার সকালে এই শিশুদের মরদেহ দেখে স্থানীয় লোকজন পুলিশকে খবর দেয়। সূত্র-**ইত্তেফাক, প্রথম আলো, জনকণ্ঠ, সমকাল, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান**সহ অধিকাংশ দৈনিক পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৪। **ভিডিওতে তদারকি হবে ডাক্তারদের কর্মস্থলে থাকা : স্বাস্থ্যমন্ত্রী**

চিকিৎসকরা কর্মস্থলে থেকে সেবা দিচ্ছেন কিনা তা ভিডিও কনফারেন্সের মাধ্যমে সচিবালয় থেকে প্রতিদিন মনিটরিং করবেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম। এ লক্ষ্যে সকল প্রযুক্তিগত প্রক্রিয়া

শীঘ্রই সম্পন্ন করতে সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন তিনি। গতকাল **১৭** ফেব্রুয়ারি বুধবার সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে চিকিৎসকদের কর্মস্থলে চিকিৎসা প্রদান নিশ্চিতকরণের লক্ষ্যে করণীয় বিষয়ে এক সভায় সভাপতিত্বকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষপৃ,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.৫), **অবজারভার** (শেষ পৃ.,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৪)।

**৫। রাজশাহী ও চট্টগ্রামে মেডিকেল বিশ্ববিদ্যালয় হচ্ছে**

চিকিৎসা ক্ষেত্রে উচ্চশিক্ষা, গবেষণা ও সেবার মান এবং সুযোগ-সুবিধা বাড়ানোর লক্ষ্যে রাজশাহী ও চট্টগ্রামে দুটি মেডিকেল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় আইন প্রণয়নে সংসদে বিল উথাপিত হয়েছে। স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম গতকাল **১৭** ফেব্রুয়ারি বুধবার পৃথকভাবে 'চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় বিল-২০১৬' এবং 'রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় বিল-২০১৬' সংসদে উত্থাপন করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৬,ক.৬),

**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **প্রথম আলো** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**৬। সিম রি-রেজিস্ট্রেশনে ট্যাক্স দিতে হবে না**

বায়োমেট্রিক পদ্ধতিতে ব্যবহৃত সিমকার্ড রি-রেজিস্ট্রেশনে মোবাইল অপারেটরগুলোকে রিপ্লেসমেন্ট ট্যাক্স দিতে হবে না। শুধু নতুন বা প্রতিস্থাপিত সিম সরবরাহের ক্ষেত্রে কর দিতে হবে। অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত, ডাক ও টেলিযোগযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম, জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান নজিবুর রহমান, ডাক ও টেলিযোগাযোগ সচিব ও বিটিআরসির চেয়ারম্যানের মধ্যে অনুষ্ঠিত এক



বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। সূত্র-**যুগান্তর** (শেষপৃ,ক.৫)।

**৭। অপরাধী যে দলেরই হোক তাকে আমরা ছাড় দিচ্ছি না : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল এমপি বলেছেন, যে কোনো পরিস্থিতিতে প্রশাসনকে সবার উর্ধ্বে রাখতে হবে। কেউ অপরাধ করলে তাকে ছাড় দেওয়া হবে না, সে যে দলেরই হোক, এটি প্রধানমন্ত্রীর নির্দেশ। আর সে কারণেই দেশে আইনশৃঙ্খলা পরিস্থিতি এখন যথেষ্ট ভালো এবং দেশে একটি শান্তির

বাতায়ন তৈরি হয়েছে। মন্ত্রী গতকাল ১৭ ফেব্রুয়ারি বুধবার পিরোজপুরে জেলা প্রশাসকের হলরুমে আইনশৃঙ্খলা কমিটির এক বিশেষ সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১ক.১), **নিউ এজ** (শেষ পৃ,ক.২)।

**৮। বিচার বিভাগ নিয়ে কটাক্ষ করবেন না : প্রধান বিচারপতি**

প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা বলেছেন, বিচার বিভাগের স্বাধীনতা থাকলে দেশে গণতন্ত্র

থাকবে। তাই বিচার বিভাগকে নিয়ে কটাক্ষ করবেন না। তিনি বলেন বিচার বিভাগে যারা আছেন, তারা কোনো পক্ষপাতিত্ব করেন না। বিচার বিভাগের মর্যাদা রক্ষার জন্য তিনি রাজনীতিবিদ, আইনজীবী এবং গণমাধ্যমের প্রতি গতকাল ১৭ ফেব্রুয়ারি বুধবার সুপ্রিম কোর্ট বার মিলনায়তনে এক স্মরণ সভায় প্রধান বিচারপতি এ আহ্বান জানান। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

## ৯। এটিএম কার্ড জালিয়াতির ঘটনায় বিদেশি নাগরিক চিহ্নিত

সম্প্রতি কয়েকটি ব্যাংকের এটিএম বুথে জালিয়াতির মাধ্যমে অর্থ আত্মসাতের ঘটনায় সিসিটিভি ফুটেজ দেখে পূর্ব ইউরোপের ৪-৫ জন নাগরিককে চিহ্নিত করা হয়েছে। যার একজন এ ঘটনায় জড়িত রয়েছে। তাদের নজরদারিতে রাখা হয়েছে। গতকাল ১৭ ফেব্রুয়ারি বুধবার ডিএমপি মিডিয়া সেন্টারে সংবাদ সম্মেলনে অতিরিক্ত পুলিশ কমিশনার মো. মনিরুল ইসলাম এ সব তথ্য জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **প্রথম আলো** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

## ১০। বাংলাবান্ধা স্থলবন্দর দিয়ে ইমিগ্রেশন চালু হচ্ছে আজ

পঞ্চগড়ের বাংলাবান্ধা স্থলবন্দর দিয়ে ইমিগ্রেশন চালু হচ্ছে আজ ১৮ ফেব্রুয়ারি বৃহস্পতিবার। এর মাধ্যমে খুলে যাবে বাংলাদেশ–ভারতের সংস্কৃতি আর পর্যটন উপভোগের অপার সম্ভাবনার দুয়ার। একই সঙ্গে দুই দেশের ব্যবসা-বাণিজ্য প্রসারও ঘটবে সহজ স্থলপথে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব ড. মোজাম্মেল হক খান জানান এর মধ্য দিয়ে চারদেশীয় যোগাযোগ ব্যবস্থার বন্ধ দরজা খুলে যাবে। ইতোমধ্যে প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়নসহ আনুষঙ্গিক কাজ সম্পন্ন হয়েছে বলে তিনি জানান। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **ডেইলি স্টার বিজনেস পাতা** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬)।

## ১১। আসন্ন ইউপি নির্বাচনে বিজিবি মোতায়েনের সিদ্ধান্ত

আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে আইনশৃঙ্খলা রক্ষায় পুলিশ, র‍্যাব ও আনসারের পাশাপাশি বিজিবি মোতায়েনেরও সিদ্ধান্ত হয়েছে। গতকাল ১৭ ফেব্রুয়ারি বুধবার নির্বাচন কমিশনার মো. শাহনেওয়াজ সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইনকিলাব** (শেষপৃ,ক.৫), **ডেইলি স্টার** (শেষ পৃ,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪)।

## ১২। নোংরা পরিবেশে শিশু খর্বাকৃতির হয় : বাংলাদেশি শিশুদের নিয়ে গবেষণা

শিশুদের ক্ষুদ্রান্তে ব্যাকটেরিয়ার মাত্রাতিরিক্ত বৃদ্ধিতে অন্ত্র ক্ষতিগ্রস্ত হয়। এতে শিশুরা খর্বাকৃতির হতে পারে। ক্ষুদ্রান্তে ব্যাকটেরিয়ার বৃদ্ধির অন্যতম কারণ হলো নোংরা পরিবেশে শিশুদের বসবাস। বাংলাদেশের শিশুদের নিয়ে করা একটি গবেষণায় এমন তথ্য জানা গেছে। আন্তর্জাতিক উদারাময় গবেষণা কেন্দ্র বাংলাদেশ, যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়া বিশ্ববিদ্যালয় এবং ভার্জিনিয়া কমনওয়েলথ বিশ্ববিদ্যালয়ের একদল বিজ্ঞানী এ গবেষণা

করেছেন। গবেষকরা বলেছেন, ক্ষুদ্রান্ত্রে মাত্রাতিরিক্ত ব্যাকটেরিয়া শিশুর অপুষ্টির কারণ। সূত্র-**প্রথম আলো** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২) **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১)।

**=৪=**

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো :** ব্যবসা বাণিজ্যের প্রাণকেন্দ্র চট্টগ্রামে ব্যবসা ও শিল্প প্রসারের স্বার্থে দ্রুত অবকাঠামো উন্নয়নের পাশাপাশি প্রশাসনিক বিকেন্দ্রীয়করণের বিকল্প নেই বলে মন্তব্য।

খ. **ইত্তেফাক :** জাতীয় পরিচয়পত্র নিবন্ধন অনুবিভাগ জাতীয় পরিচয়পত্র সংশোধনের কাজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ করায় দেশের বিভিন্ন অঞ্চল থেকে আসা কয়েক হাজার মানুষ ভোগান্তিতে পড়ার কথা উল্লেখ করে এ ব্যাপারে দ্রুত পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

গ. **সংবাদ :** ঢাকার প্রায় সব এলাকাতে অনুমোদিত সীমার চেয়ে ১.৩ থেকে ৪০ ডেসিবল বেশি শব্দদূষণ হচ্ছে বলে এক জরিপে প্রকাশিত হয়েছে উল্লেখ করে শব্দদূষণ সম্পর্কে মানুষকে সচেতন করে তোলার আহবান।

ঘ. **যুগান্তর :** রাজধানীর মোহাম্মদপুর ফার্টিলিটি সার্ভিসেস অ্যান্ড ট্রেনিং সেন্টারে নবজাতক চুরির ঘটনায় উদ্বেগ প্রকাশ করে শিশু চুরির ঘটনার পুনরাবৃত্তি রোধে হাসপাতালের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার পরামর্শ।

ঙ. **যায়যায়দিন :** বাংলাদেশের কৃষকের হাতে উৎপাদিত সবজি এখন ইউরোপ ও এশিয়ার বিভিন্ন দেশে রপ্তানি হওয়াকে বাংলাদেশের অর্থনীতির জন্য ইতিবাচক উল্লেখ করে এর সাথে সাথে কৃষকরা যাতে তাদের উৎপাদিত ফসলের ন্যায্যমূল্য পায় সেদিকে দৃষ্টি দেওয়ার ওপর গুরুত্বারোপ।

চ. **ডেইলি স্টার :** সন্ত্রাস জঙ্গিবাদ দমনের লক্ষ্যে গঠিত নতুন কাউন্টার টেরর ইউনিট যথাযথভাবে দায়িত্ব পালন করবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** শিশু শ্রম বন্ধে রংপুর সিটি করপোরেশনের মেয়রের উদ্যোগ বাস্তবায়ন করতে হলে প্রতিটি শিশুকে বিদ্যালয়ে যাওয়ার ব্যবস্থা নিশ্চিত করার আহ্বান।

জ. **ডেইলি সান :** উপযুক্ত বিক্রয়মূল্য ও যথাযথ সংরক্ষণের অভাবে প্রচুর পরিমাণে ফলমূল ও শাকসবজি নষ্ট হয়ে যাওয়ার বিষয় উল্লেখ করে সরকারি-বেসরকারি পর্যায়ে কোল্ড স্টোরেজ গড়ে তোলার সুপারিশ।

ঝ. **নিউজ টুডে :** প্রতিবছর ০.৪৫ শতাংশ কৃষিজমি অকৃষিকাজে ব্যবহৃত হওয়ার চিত্র তুলে ধরে কর্তৃপক্ষকে কৃষিজমি সুরক্ষায় যথাযথ উদ্যোগ নেওয়ার আহ্বান।

ঞ. **নিউ এজ :** ঢাকা-চট্টগ্রাম ফোর লেনের নির্মাণ কাজে দফায় দফায় মেয়াদ বাড়িয়ে আরও অর্থ বরাদ্দ দেওয়ার প্রস্তাবের সমালোচনা করে এ ধরনের কাজে নিয়মিত কঠোর নজরদারি আবশ্যক বলে অভিমত প্রকাশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে গণতন্ত্রে উন্নয়ন অর্জিত হয় সকল শ্রেণির মানুষের অংশগ্রহণে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'বন্ধ করতে হবে বাল্যবিবাহ'** শিরোনামের নিবন্ধে ইলিয়াছ হোসেন পাভেল অসহায় দরিদ্র পরিবারসমূহকে বাল্যবিবাহ থেকে মুখ ফেরাতে হলে অবশ্যই মেয়েদের আত্মনির্ভরশীল করার ওপর জোর দিতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৫/৯.০০ ঘণ্টা